উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
www.chc.gov.bd

জনকল্যাণে রাজস্ব

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/০৯/বিশেষ ই-অকশন নং-১৮/২০২৫/ তারিখঃ /১২/২০২৫ খ্রি.

বিষয়ঃ বিশেষ ই-নিলাম নং-১৮/২০২৫ এর বিজ্ঞপ্তি প্রচার।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগামী ১৫/০১/২০২৬ খ্রি. তারিখে বিশেষ ই-নিলাম নং-১৮/২০২৫ অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত বিশেষ আদেশ নং-৮২/২০২৫/কাস্টমস তারিখ: ১৪/০৫/২০২৫ খ্রি. এবং স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩ তারিখঃ ০২/০৭/২০২৫ খ্রি. এর নির্দেশনার আলোকে এবং নিলাম কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বহুল প্রচারিত ০২ টি জাতীয় দৈনিক পত্রিকা (০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি) এবং ০২ টি স্থানীয় দৈনিক পত্রিকা; জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর ওয়েবসাইটে (www.chc.gov.bd) ও সোশ্যাল মিডিয়ায় বিশেষ ই-নিলাম নং-১৮/২০২৫ এর বিজ্ঞপ্তি নিলাম অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ১০ (দশ) কার্যদিবস পূর্বে অর্থাৎ আগামী ০১/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৩। নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে:

(ক) আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ০১/০১/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে ১৫/০১/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Website (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন/নিবন্ধন বা বিডার লগইন করে উক্ত বিশেষ ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণীর দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম" এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (১৫/০১/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, ঢাকা/আইসিডি (কমলাপুর), ঢাকা/কাস্টমস হাউস, বেনাপোল এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল/জমা প্রদান করতে হবে।

(খ) আগামী ০৪/০১/২০২৬ খ্রি. থেকে ০৮/০১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সরেজমিন পণ্য পরিদর্শন করা যাবে।

(গ) চূড়ান্ত তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে): ১৩/০১/২০২৬ খ্রি.।

(মোঃ রাসেল আহমেদ)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

প্রাপক: স্বত্বাধিকারী
মেসার্স কে এম কর্পোরেশন
৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

F:\ARO Faizur\18-2025\18-2025 Letter+Circular.Rtf

Scanned with CamScanner

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/০৯/বিশেষ ই-অকশন নং-১৮/২০২৫/ ১৫ তারিখ: ০১/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস-১, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

২। এডিশনাল কমিশনার অব কাস্টমস-২, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৩। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার অব কাস্টমস (সকল), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৪। পিএ-টু চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। পিএ-টু-কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (ই-নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২। সিস্টেম এনালিস্ট, কাস্টমস হাউস, চট্টগ্রাম (ই-নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৪। রাজস্ব অফিসার, নিলাম শাখা, কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৫। গোলা অফিসার (নিলাম), কাস্টমস হাউস, চট্টগ্রাম।

৬। এল.পি.ও সুপার/অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

৭। নোটিশ বোর্ড।

৮। অফিস কপি।

০১/০১/২০২৫

(মোঃ রাসেল আহমেদ)

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

F:\ARO Faizur\18-2025\18-2025 Letter+Circular.Rtf

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, চট্টগ্রাম
নিলাম শাখা
Website: www.chc.gov.bd

## বিশেষ ই-নিলাম (E-Auction) নং-১৮/২০২৫ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, বিদ্যমান কন্টেইনার জট ও এর ফলে উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ ও রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম কার্যক্রমের আধুনিকায়ন, কার্যকারিতা বৃদ্ধি এবং নিলাম প্রক্রিয়ার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার অংশ হিসেবে ই-নিলাম সম্পর্কিত ওয়েবসাইটে (http://103.48.18.166/auction/301) নিলাম কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। একই ধারাবাহিকতায় চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে রক্ষিত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য E-Auction Website এর মাধ্যমে আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সম্মানিত নিলাম ক্রেতাগণ আগামী <u>০১/০১/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯.০১ টা হতে ১৫/০১/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা</u> পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Website Address (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন/নিবন্ধন অথবা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম" এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (<u>১৫/০১/২০২৬ তারিখ বিকাল ৪.০০ টা</u>) মধ্যে সীলগালাযুক্ত খামে **কাস্টমস হাউস, ঢাকা/কাস্টমস হাউস, আইসিডি (কমলাপুর), ঢাকা এবং কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায়** রক্ষিত দরপত্র বাক্সে অবশ্যই দাখিল/জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে দাখিল করতে/জমা <u>প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দরপত্র মূল্য বাতিল বলে গণ্য হবে</u>। দরপত্র বাক্সে দাখিল/জমাকৃত খামসমূহ আগামী ১৮/০১/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ টায় কাস্টমস হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখায় (কাস্টমস অকশন শেড) উন্মুক্ত করা হবে।

উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

<u>পণ্য পরিদর্শনের তারিখ</u>: আগামী ০৪/০১/২০২৬ খ্রি. তারিখ হতে ০৮/০১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে বিশেষ ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে।

<u>চূড়ান্ত তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে)</u>: ১৩/০১/২০২৬ খ্রি.
প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব নিখিল চন্দ্র মন্ডল, রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৯১৭ ২৮৩১৭৪ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

<u>বিঃ দ্রঃ</u>- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে যে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন।

০৩/১২/২০২৫

মোঃ রাসেল আহমেদ
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস

F:\ARO Faizur\18-2025\18-2025 Letter+Circular.Rtf

Scanned with CamScanner